# যাকাত ও সাওম বিষয়ক দু’টি পুস্তিকা

বিভাগ/অধ্যায়ঃ যাকাতের গুরুত্ব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

যাকাতের গুরুত্ব

এ পুস্তিকাটি লেখার অন্যতম কারণ, যাকাতের গুরুত্ব সম্পর্কে মুসলিম ভাইদের স্মরণ করিয়ে দেওয়া ও উপদেশ দেওয়া। বর্তমানে অধিকাংশ মুসলিম যাকাতের মতো একটি গুরুত্বপূর্ণ ফরয আদায়ে উদাসীন। অথচ যাকাত ইসলামের পাঁচ স্তম্ভের একটি অন্যতম স্তম্ভ এবং ইসলামের মহা গুরুত্বপূর্ণ একটি বিধান, যা ছাড়া ইসলামের অস্তিত্ব চিন্তা করা যায় না; কিন্তু তা স্বত্বেও মুসলিমগণ সঠিকভাবে যাকাত প্রদান করে না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«بُنِيَ الْإِسْلَامُ عَلَى خَمْسٍ، شَهَادَةِ أَنْ لَا إِلَهَ إِلَّا اللهُ، وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ، وَإِقَامِ الصَّلَاةِ، وَإِيتَاءِ الزَّكَاةِ، وَحَجِّ الْبَيْتِ، وَصَوْمِ رَمَضَانَ»

“পাঁচটি বস্তুর ওপর ইসলামের ভিত্তি স্থাপন করা হয়েছে। এ কথার সাক্ষ্য দেওয়া যে, আল্লাহ ছাড়া সত্যিকার কোনো ইলাহ নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর বান্দা ও রাসূল, সালাত কায়েম করা, যাকাত আদায় করা, বাইতুল্লাহর হজ করা এবং রমযানের সাওম পালন করা”।[1]
গরীব জনগোষ্ঠী যাকাতের প্রতি মুখাপেক্ষী হওয়াতে এবং জীবন যাপনের বিভিন্ন ক্ষেত্রে যাকাতের উপকার ও গুরুত্ব অপরিসীম হওয়ার কারণে মুসলিমগণের ওপর যাকাত ফরয করা হয়েছে। যাকাত ইসলামের সৌন্দর্যসমূহের একটি অন্যতম সৌন্দর্য। এ ছাড়াও যাকাত ইসলামের সৌন্দর্যের বাহ্যিক রূপ এবং সু-স্পষ্ট নিদর্শন।

>

## ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৮; সহীহ মুসলিম, হাদীস নং ১৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=9665

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন